উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাসঃ মে/২০২২)

অধিবেশন:-১১৬

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ৩০ মে, ২০২২ খ্রিঃ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক। অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ। |
| মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় জানান যে, অত্র উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের কয়েকটি ভবন নির্মানের কাজ বন্ধ রয়েছে। কাজগুলি দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন।<br>নান্দাইল উপজেলা সমাজসেবা কাযার্লয়ের আওতায় রোগী কল্যান সমিতি গঠন বিষয়ে আলোচনা করেন। সংগঠনটি সরকারি কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, বিশিষ্ট সমাজকর্মী, দানশীল ও বেসরকারি ব্যক্তিবর্গের সমম্বয়ে গঠিত হবে। উক্ত সমিতির স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সমিতিতে অন্তর্ভুক্ত হওয়ার জন্য সকস্য সদস্যগণকে আহবান জানান।<br>বিভাগীয় সকল উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে আলোচনা করেন এবং সিদ্ধান্তগুলি দ্রুত বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন। | রোগী কল্যান সমিতি গঠনে এবং এর কার্যক্রমে সকল সদস্যগনকে সহযোগীতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্যবৃন্দ। |
| ০২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জলাতঙ্ক রোগ নির্মূলে স্বাস্থ্য অধিদপ্তরের আওতায় নান্দাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে কুকুরকে জলাতঙ্ক রোগের ভ্যাকসিন প্রদান করা হয়েছে।<br>করোনা ভাইরাস কোভিড-১৯ ১ম ডোজ, ২য় ডোজ এবং ৩য় ডোজের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। | অত্র উপজেলার প্রতিটি এলাকার কুকুরকে জলাতঙ্ক প্রতিষেধক টিকা দিয়ে (ভ্যাকসিনেশন করে) কুকুরকে নিরাপদ করে রাখা এবং কোন এলাকার কুকুর যেন উক্ত ভ্যাকসিনেশন হতে বাদ না পরে সে দিকে দৃষ্টি রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>করোনা ভাইরাস কোভিড-১৯ ১ম ডোজ, ২য় ডোজ এবং ৩য় ডোজের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ইউনিয়ন কমিউনিটি স্বাস্থ্য ক্লিনিকের কার্যক্রম সচল রাখা এবং উক্ত কমিউনিটি সেন্টারে মানুষ গিয়ে যেন তালা বন্ধ অবস্থায় না পায় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | প্রতিদিন ইউনিয়ন কমিউনিটি সেন্টারের কার্যক্রম সচল রাখা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কয়েকটি ভবনের কাজ ঠিকাদার বন্ধ রেখেছে। উক্ত ঠিকাদারদেরকে পরিপত্র মোতাবেক ভবনের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে পরামর্শ প্রদান করেন। | প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের কাজ পরিপত্র মোতাবেক দ্রুত সম্পন্ন করার জন্য ঠিকাদারদেরকে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| উন্নয়নমূলক প্রকল্পগুলির কাজ প্রাক্কলন মোতাবেক দ্রুত সময়ের মধ্যে সমাপ্ত করে জুন ক্লোজিং এর নির্ধারিত সময়ের মধ্যেই উপজেলা হিসাব রক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট | উন্নয়নমূলক প্রকল্পগুলির কাজ প্রাক্কলন মোতাবেক দ্রুত সময়ের মধ্যে সমাপ্ত করে জুন ক্লোজিং এর নির্ধারিত সময়ের মধ্যেই উপজেলা | সংশ্লিষ্ট সকল সদস্যগণ |

| | | |
|---|---|---|
| | গৃহীত হয়। | |
| ০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, কুকুরকে জলাতঙ্ক রোগের ভ্যাকসিন ৮৮% সম্পন্ন হয়েছে। যেখানে জাতীয় লক্ষ্যমাত্রা ৭০%।<br><br>১২/০৬/২০২২ ইং হতে ১৫/০৬/২০২২ ইং তারিখ পর্যন্ত ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন চলবে। লক্ষ্যমাত্রা ৬-১১ মাস বয়সি শিশু ৮০০০ এবং ১২-৫৯ মাস বয়সি ৬৫,০০০ শিশু।<br><br>অবৈধ ক্লিনিক ডায়াগনস্টিক সেন্টার এর বিরুদ্ধে অভিযান পরিচালনা করার প্রস্তাব উত্থাপন করেন। | সরকারি নির্দেশনা মোতাবেক কুকুরকে জলাতঙ্গ রোগের ভ্যাকসিন কার্যক্রমে সফলভাবে বাস্তবায়নে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এবং কোন এলাকার কুকুর যেন বাদ না পরে সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কার্যক্রম সফল বাস্তবয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>অবৈধ ক্লিনিক ডায়াগনস্টিক সেন্টার এর বিরুদ্ধে অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৪। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রবি ২০২১-২০২২ মৌসুমে অত্র উপজেলায় ২২২৩৫ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। যা লক্ষ্যমাত্রার চেয়ে বেশি।<br><br>অত্র উপজেলায় আউশ আবাদ সম্প্রসারণের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ১৫৬০ জন কৃষককে বীজ ও রাসায়নিক সার প্রণোদনা প্রদান করা হয়েছে।<br><br>মে/২০২২ মাসে ১৬৫ মেঃটন ইউরিয়া ১৩.৫০ মেঃটন টিএসপি ১৫.৫০ মেঃটন ডিএপি এবং ৫.৫০ মেঃটন এমওপি সার মজুদ রয়েছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৫। উপজেলা মৎস্য বিভাগ : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ১৮ জন মৎস্য চাষীকে ৩টি প্রদর্শনীর ভিত্তিতে ২টি ব্যাচে ৪ দিন ব্যাপী মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়।<br><br>২টি বিল নার্সারী আচারগাঁও এ অবস্থিত টঙ্গী বিল এবং রাজগাতীতে অবস্থিত যুগের হাওরে ইতোমধ্যে রেনু ছাড়া হয়েছে এবং উপজেলা মৎস্য দপ্তর নিয়মিত তদারকি করছে এবং জুন মাসে বিলে পোনা অবমুক্ত করা হবে।<br><br>এনএটিপি প্রকল্পের আওতায় বিভিন্ন প্রদর্শনীর জন্য পুকুর নির্বাচন করা হয়েছে এবং পরবর্তী ধাপের জন্য কাজ চলছে।<br><br>মৎস্য অধিদপ্তরের গুরুত্বপূর্ণ কার্যক্রম মৎস্য পরামর্শ সেবা যা অফিসে এবং ফিল্ড পর্যায়ে চলমান রয়েছে। | বিভাগীয় নির্দেশিকা মোতাবেক প্রদর্শনীর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পোনা মাছ অবমুক্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এনএটিপি প্রকল্পের সকল কার্যক্রম এবং মৎস্য সেবা পরামর্শ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| ০৬। উপজেলা প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় সকল প্রকল্পের কাজ চলমান রয়েছে। যে প্রকল্পগুলির কাজ প্রাক্কলন মোতাবেক সমাপ্ত হচ্ছে, সেগুলির বিল প্রদান করা হচ্ছে।<br><br>সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজগুলি চলমান রয়েছে। ঠিকাদার কামাল এর আওতায় কয়েকটি ভবনের কাজ ধীরগতিতে চলমান রয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিভাগীয় সকল উন্নয়নমূলক কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজের ঠিকাদার কামাল এর কার্যদাশ বাতিল করে পরিপত্র মোতাবেক ঠিকাদার নিয়োগ দিয়ে ভবনের কাজ দ্রুত গতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) নান্দাইল।<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| ০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২য় পর্যায়ে (কাবিখা/কাবিটা), ৩য় পর্যায় (টিআর) প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। গ্রামীণ রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের ৩টি কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে তদারকি করা হচ্ছে।<br>মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় পর্যায় একক গৃহ নির্মাণ প্রকল্পের আওতায় ৪৫টি গৃহের কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ২১টি | উন্নয়নমূলক সকল প্রকল্পের কাজ প্রাক্কলন মোতাবেক দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| গৃহের কাজ চলমানা যা আগামী ৪ জুলাই ২০২২ তারিখের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করা হবে।<br>২য় পর্যায়ে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ কর্মসূচির আওতায় ০৫টি প্যাকেজের মাধ্যমে ২৫টি বীর নিবাস বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়েছে। | | |
| ০৮। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, নান্দাইল উপজেলার ১৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রয়েছে। বিদ্যালয়সমূহে সকল শ্রেনীর পাঠদান কার্যক্রম পুরোপুরি শুরু হয়েছে। পাশাপাশি আন্তঃপ্রাথমিক ক্রীড়াসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষকগন মান সম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার জন্য কাজ করে যাচ্ছেন। অনেক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। কাজ শুরু হয়ে বন্ধ রয়েছে। উক্ত বিদ্যালয়গুলিতে কক্ষের অভাবে পাঠদান কার্যক্রম চলানো কষ্টকর হচ্ছে। নির্মানাধীন এ সকল ভবনের কাজ দ্রুত শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল/উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হচ্ছে।<br>১৯/০৬/২০২২ ইং তারিখ থেকে এসএসসি ও দাখিল পরিক্ষা সার্বিক সহযোগীতা কামনা করছি।<br>১৮ ও ১৯ ইং মে/২২ তারিখ জাতীয় শিক্ষা সপ্তাহ অত্যন্ত শান্তিপূর্ণ ভাবে পালন করা হয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নান্দাইল সভায় জানান যে, যুব কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে মোটর ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্প চালু আছে। নান্দাইল উপজেলা থেকে প্রতিমাসে তিন জন এ প্রশিক্ষনে সুযোগপাবে। প্রশিক্ষণটি অনাবাসিক এবং নেত্রকোনা জেলায় অংশ গ্রহণ করতে হবে। অত্র উপজেলার ২১ ব্যৎসর বয়সের কমপক্ষে ৮ম শ্রেণী পাশ যে কোন যুব আবেদন করলে সাক্ষাৎ কারের মাধ্যমে পর্যাক্রমে প্রশিক্ষনের সুযোগ দেওয়া যাবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণপ্রাপ্ত যুবগণ ড্রাইভিং লাইসেন্সের সুযোগ পাবেন। এবং কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ পাবেন। | মোটর ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্পে আগ্রহী প্রার্থিদের আবেদন পত্র সংশ্লিষ্ট কার্যালয়ে দাখিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মা ও শিশুভাতা উপকারভোগীর তালিকা অনলাইনে প্রস্তুতের বিষয়ে আলোচনা করেন। প্রতি ইউনিয়ন থেকে ২৫ জন করে উপকারভোগী নির্বাচনের নির্দেশনা রয়েছে।<br>ভিজিডি ডিও ও বিতরণ বিষয়ে আলোচনা করেন। | মা ও শিশুভাতা উপকারভোগীর তালিকা অনলাইনে প্রস্তুতের জন্য এবং প্রতি ইউনিয়ন হতে ২৫ জন উপকারভোগী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সঠিক সময়ে ভিজিডি বিতরণ এবং এর প্রতিবেদন না পাওয়াগেলে পরবর্তি মাসে ডিও প্রদান বন্ধ থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| ১২। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জনস্বাস্থ্য কার্যলয়ের আওতায় আর্সিনিক রিক্স জরিপ কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত জরিপ কার্যক্রমে অত্র উপজেলার বিভিন্ন এলাকায় নলকূপে আয়কর ও আর্সিনিক থাকতে পারে। প্রতিটি ইউনিয়নে জরিপ কাজে ৩ জন পুরুষ ও ৩জন মহিলা নিয়োগ প্রদান করা হবে। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | গুরুত্বের সাথে আর্সিনিক পরীক্ষা জরিপ কার্যক্রম বাস্তবায়ন এবং প্রতি ইউনিয়নে ৬ জন কর্মী নিয়োগ প্রদান কার্যক্রম পরিপত্র মোতাবেক সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নান্দাইল। |
| ১৩। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান যে, বিভাগীয় কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| ১৪। চেয়ারম্যান আচারগাঁও ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদে ১০/- টাকা কেজি দরে (চাল) ওএমএস এর উপকারভোগী তালিকা সম্পন্ন নতুন তালিকা প্রস্তুত এবং ডিলার পরিবর্তনের বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন। | ১০/- টাকা কেজি দরে (চাল) ওএমএস এর উপকারভোগী তালিকা সম্পন্ন নতুন তালিকা প্রস্তুত করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, নান্দাইল। |
| ১৫। মেয়র নান্দাইল পৌরসভা জানান যে, ... | [illegible] | উপজেলা প্রকৌশলী ... |

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২২-৩৫ তারিখ ঃ-৩০/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------------------------------ অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

৩০/০৫/২০২২

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।